# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস

### ৮৩তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১৩ অক্টোবর ২০১৪ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১১ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। ভারপ্রাপ্ত সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে লেঃ কর্নেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০১ ঃ* গত ১৩ আগষ্ট ২০১৪ তারিখের একজিকিউটিভ কমিটির ৮২তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য এয়ার কমডোর মোহাম্মদ মুরাদ হোসেন, এনডিসি, এসিএসসি, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন এবং ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) তা সমর্থন করেন। | সভাপতি<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০২ ঃ* সভার শুরুতে Swiss Contact এর প্রতিনিধিদ্বয় অত্র পরিষদের ইসি সদস্যগণের উপস্থিতিতে তাদের প্রতিবেদন উপস্থাপন করেন। উপস্থাপিত প্রতিবেদন নিয়ে সভাপতি ও সদস্যগনের মধ্যে আলোচনা হয়। বিষয়টি অত্যন্ত স্বাস্থ্যসম্মত ও পরিবেশ দূষনমুক্ত হওয়ায় ইসি সদস্যগন Swiss Contact এর প্রস্তাবে সম্মত হন এবং তাদের প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুমতি প্রদান করেন এবং বাস্তবায়ন কষ্টসাধ্য হবে মর্মে আশঙ্কা ব্যক্ত করেন। | সভাপতি<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল কর্মকর্তা/কর্মচারীগনের প্রস্তাবিত পে-স্কেল ২০১৪ নিয়ে আলোচনা করা হয় এবং ডিসেম্বর ২০১৪ হতে উক্ত পে-স্কেল অনুযায়ী বেতন প্রদানের সিদ্ধান্ত সভার সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উল্লেখ থাকে যে, বারিধারা ডিওএইচএস জামে মসজিদের ইমাম মাওলানা মোঃ দেলোয়ার হোসেনকে ৭,০০০.০০ টাকার পরিবর্তে ৮,০০০.০০ টাকা, সিনিঃ মুয়াজ্জিনকে ১১,৫০০.০০ টাকার পরিবর্তে ১২,০০০.০০ টাকা এবং মুয়াজ্জিনকে ৯,৭৭৫.০০ টাকার পরিবর্তে ১০,০০০.০০ টাকা বেতন/সম্মনী প্রদান করা হবে। | সভাপতি<br>ট্রেজারার |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ* সিকিঃ সুপারভাইজার মোঃ দেলোয়ার হোসেন ও কালেক্টর মোঃ মুকুল হোসেন দীর্ঘদিন তাদের উপর অর্পিত দায়িত্ব নিষ্ঠা ও সততার সাথে পালন করায় তাদের প্রত্যেককে ০১ (একটি) করে অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া সিকিঃ সুপারভাইজার মোঃ দেলোয়ার হোসেনের শারিরীক অসুস্থ্যতার জন্য চিকিৎসা খরচ বাবদ এককালীন ৫,০০০.০০ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী<br>ট্রেজারার |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ* বারিধারা ডিওএইচএস লেডিস সাব-কমিটিকে প্রতিবছর বনভোজনের জন্য অত্র পরিষদ কর্তৃক ২০,০০০.০০ (বিশ হাজার) প্রদান করা হতো যা দিয়ে বর্তমানে বনভোজন অনুষ্ঠান পরিচালনা করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, লেডিস সাব-কমিটির বনভোজনের জন্য ২০,০০০.০০ টাকার পরিবর্তে ৩০,০০০.০০ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী<br>ডাঃ পারভীন হক চৌধুরী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ ঃ* পবিত্র ঈদ উল ফিতর ও ঈদ উল আযহা উপলক্ষ্যে সিকিঃ ব্যারাকে অবস্থানকৃত প্রহরীদের জন্য ভবিষ্যতে খাদ্য তালিকায় মুরগীসহ আরও উন্নত মানের খাবার আয়োজনের ব্যাপারে আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৭ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের জরুরী কাজ ও বিভিন্ন দপ্তরে অনেক চিঠিপত্র নিয়ে যাওয়া-আসা করতে অতিরিক্ত টাকা খরচ হয় এবং সময় নষ্ট হয়। উক্ত কাজগুলি দ্রুত ও যাতায়াত খরচ কমানোর জন্য পরিষদ অফিসের জন্য একটি মোটর সাইকেল ক্রয় করা প্রয়োজন যা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পর্যাপ্ত ফান্ড মজুদ সাপেক্ষে মোটর সাইকেলটি ক্রয় করা হবে। | সভাপতি<br>সেক্রেটারী |

| | |
|---|---|
| <u>*সূচী ও সিদ্ধান্ত -০৮ ঃ*</u> ফিটনেস সেন্টারের সদস্যদের ব্যবহারের জন্য আরো ২টি ট্রেডমিল, মহিলা ...দের জন্য ১টি ২টন AC, পুরুষ ও মহিলা কক্ষে ২টি Water dispenser, পোষাক পরিচ্ছদ, চাবি, মোবাইল ও টাকা পয়সা রাখার জন্য ২ রুমে ২টি Locker ক্রয়ের প্রস্তাব সভায় অনুমোদিত হয়। Senior নাগরিক যারা ফিটনেস সেন্টারে Membership নিতে আগ্রহী নয় তাদের জন্য Free hand exercise এর ব্যবস্থা করার প্রস্তাবটি সভায় অনুমোদিত হয়। | সভাপ<br>সেক্রে |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৯ ঃ*</u> বারিধারা ডিওএইচএস পরিষদের সিকিউরিটি ব্যবস্থা জোরদার করার জন্য Communication এর উপর গুরুত্ব আরোপ করা হয়। বর্তমান সেটগুলি কম মূল্যের ও ভাল সার্ভিস প্রদান করায় পরবর্তী ২ বৎসরের জন্য অকেজো সেটগুলির পরিবর্তে আরও ৮/৯টি ওয়ারলেস সেট সুলভমূল্যে ক্রয়ের প্রস্তাব বিশদ আলোচনার পরে ইসি কর্তৃক অনুমোদিত হয়। | মেম্বার<br>এন্ড এ |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১০ ঃ*</u> কনভেনশন সেন্টারের হল ২টি আরও আকর্ষনীয় করার জন্য অনুষ্ঠানের সময় Music বাজানোর জন্য দুই হলে ৪টি স্পীকারসহ Full Setting এবং ফিটনেস সেন্টারে প্রতিটি Room এ ১টি স্পীকারসহ Music বাজানোর বিষয়টি আলোচনার পরে ইসি কর্তৃক অনুমোদিত হয়। এখন থেকে আলোকসজ্জার Payment ২টি পে-অর্ডারের মাধ্যমে প্রদান করতে হবে। ১০,৫০০ টাকা কনভেনশন সেন্টারের সেবাপ্রদানকারী সংস্থার খাতে এবং ৪,৫০০ টাকা বারিধারা ডিওএইচএস পরিষদ খাতে। | সভাপ<br>সেক্রে |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১১ ঃ*</u> বারিধারা ডিওএইচএস পুকুরের চারপাশে আলো সল্পতার কারণে অত্র এলাকার বাসিন্দাদের হাটা-চলায় অসুবিধার সৃষ্টি হয়। হাটা-চলার সুবিধার্থে ও সৌন্দর্যবৃদ্ধির জন্য পুকুর পাড়ের চারপাশে Garden Light স্থাপনের ব্যবস্থা এবং পুকুর পাড়কে ভাঙ্গন থেকে রক্ষা করার জন্য পুকুরের চারপাশে Phase-wise retaining wall করার ব্যাপারে আলোচনা হয়। আলোচনা সভায় উপস্থিত সকল সদস্যগনের সর্বসম্মতিক্রমে Garden Light লাগানোর প্রস্তাব গৃহীত হয় এবং আরো পরীক্ষা নিরিক্ষার পরে পুকুরের কাজটি শুরু করার প্রস্তাব অনুমোদিত হয়। | সভাপ<br>সেক্রে |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১২ ঃ*</u> বারিধারা ডিওএইচএস এর বিদ্যমান CSD Complex টি অনেক ছোট এবং Saloon সহ অন্যান্য সুবিধার ব্যবস্থা নেই। সিএসডি কর্তৃপক্ষ আরও সুবিধা সৃষ্টি করার লক্ষ্যে উক্ত সিএসডিকে বর্ধিত করার বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। সিএসডি এলাকায় জামে মসজিদ, লেক, পার্ক, ৫৪০ মিটার দীর্ঘ ওয়াকওয়ে ও ফিটনেস সেন্টার রয়েছে এবং সেখানে অত্র এলাকার বয়স্ক নারী/পুরুষ প্রতিনিয়ত গাড়ীতে করে আসা যাওয়া করে। এ সকল গাড়ী পার্কিং এর জন্য যে জায়গা রয়েছে তা প্রয়োজনের তুলনায় অনেক কম। সিএসডি কর্তৃক শুধুমাত্র আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উপরের দিকে সম্প্রসারণের (Vertical extension) ব্যবস্থা করে আরও সুযোগ সুবিধা বৃদ্ধি করা যেতে পারে অথবা সম্প্রসারণের কাজটি বাদ দেয়া যেতে পারে মর্মে সভায় সকল ইসি সদস্যগন মতামত ব্যক্ত করেন। | সভাপ<br>সেক্রে |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৩ ঃ*</u> বারিধারা ডিওএইচএস ফিটনেস সেন্টারের জন্য 2 X Receptionists, 2 X Male Supervisor/Trainer, 2 X Female Trainer and 1 X Cleaner নিয়োগের ব্যাপারে আলোচনা করা হয় এবং সভার সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। ফিটনেস সেন্টারের জনবল বৃদ্ধি করে বিদ্যমান Organogram টি সংশোধন করা হবে। | নিয়োগ |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৪ ঃ*</u> বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক The Focus and Monthly News Letter প্রকাশনার ব্যাপারে আলোচনা হয়। আলোচনার পর 'দি ফোকস' ষান্মাসিক ভিত্তিতে যতদিন সম্ভব চলমান রাখার সিদ্ধান্ত হয়। | ট্রেজার |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৫ ঃ*</u> বারিধারা ডিওএইচএস পরিষদের পরবর্তী একজিকিউটিভ কমিটি নির্বাচনের ব্যাপারে আলোচনা হয়। নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ডকে চিঠি লেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপ<br>সেক্রে |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৬ ঃ*</u> বারিধারা ডিওএইচএস পরিষদের সিনিয়র কালেক্টর মোঃ মুকুল হোসেনকে ক্যাশিয়ার পদে পদোন্নতির বিষয়ে আলোচনা করা হয়। বর্তমানে ক্যাশিয়ার নিয়োগের প্রয়োজন না থাকায় এবং মোঃ মুকুল হোসেন পদোন্নতির বা নিয়োগের জন্য requirements পূরণে সক্ষম না হওয়ায় বিষয়টি আপাততঃ স্থগিত রাখা হয়। | সেক্রে<br>ট্রেজার |

| | |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৭ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকায় স্টার এ্যাডভারটাইজিং কর্তৃক মেগা সাইন ও ০২টি বিল বোর্ড স্থাপনের বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। দীর্ঘ মেয়াদী কোন চুক্তিতে অত্র পরিষদ আবদ্ধ হবে না মর্মে সভার সকলে একমত পোষন করেন এবং স্টার এ্যাডভারটাইজিংকে মেগা সাইন ও বিল বোর্ড স্থাপনের অনুমোদন দেয়া হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৮ ঃ* গ্রেস এগ্রোস লিঃ এর আবেদনপত্র নিয়ে আলোচনা করা হয়। বারিধারা ডিওএইচএস এলাকায় এ ধরণের কোন কোম্পানীকে দুগ্ধ বিক্রয়ের অনুমোদন না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৯ ঃ* বারিধারা গেইটের Damaged রাস্তাটুকু ঢালাই করার ব্যাপারে আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ<br>এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ২০ ঃ* বিএসআই এর Curriculum কলেজ পর্যায়ে নিয়ে যাওয়ার প্রচারনা ও উত্তর গেইট বন্ধ রাখার ব্যাপারে ইসি সদস্য জনাব গোলাম মোস্তফা কামাল এর পয়েন্টের উপর আলোচনা হয় এবং এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | ক্যাপ্টেন<br>(বিএন) এম<br>এম আজিজ,<br>পিএসসি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ২১ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |

৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি

তারিখ ঃ 20 অক্টোবর ২০১৪

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী

তারিখ ঃ 20 অক্টোবর ২০১৪

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য